

সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের ২০২১-২২ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	ড. তরুণ কান্তি শিকদার অতিরিক্ত সচিব
সভার তারিখ	১৭ আগস্ট ২০২১
সভার সময়	বেলা ১১.৩০টা
স্থান	Zoom Online Platform
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য উপসচিব (প্রশাসন-৩ ও সদস্য সচিব)কে অনুরোধ করেন। অতঃপর সদস্য সচিব নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

১.০ আলোচ্য সূচি-১: সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং অধীন অধিদপ্তরসমূহের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও আশু করণীয় নির্ধারণ;

১.১ আলোচনা: সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও অধীন অধিদপ্তরসমূহের ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করেন। ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২১-২০২২ অর্থবছর) এর কার্যক্রমের সাথে সম্পর্কিত হওয়ায় সভাপতি বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার জন্য সভায় উপস্থিত সকলকে অনুরোধ করেন। আগস্ট, ২০২১ এ ইতিপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটালাইজডকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার আয়োজন, সেপ্টেম্বর, ২০২১ এর মধ্যে কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত একটি প্রশিক্ষণ আয়োজন, ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সম্পর্কিত একটি সভা/কর্মশালা আয়োজন, নতুন উদ্ভাবনী ধারণা, সেবা সহজিকরণ, সেবা ডিজিটালাইজেশন প্রস্তাব আহ্বান করার কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়াও বর্ণিত বিষয়সমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে অক্টোবর, ২০২১ এর দ্বিতীয় সপ্তাহে ইনোভেশন টিমের দ্বিতীয় সভা আহ্বান করার বিষয়ে সভায় সকলেই একমত প্রকাশ করেন।

১.২ সিদ্ধান্ত:

- ২৬ আগস্ট ২০২১ তারিখে ইতিপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটালাইজডকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার আয়োজন করতে হবে;
- সেপ্টেম্বর ২০২১ এর প্রথম সপ্তাহে উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত একটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে;
- সেপ্টেম্বর ২০২১ মাসের তৃতীয় সপ্তাহে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ একটি সভা/কর্মশালা আয়োজন করতে হবে;
- অক্টোবর, ২০২১ এর দ্বিতীয় সপ্তাহে ইনোভেশন টিমের দ্বিতীয় সভা আহ্বান করতে হবে।

২.০ আলোচ্য সূচি-২: সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং অধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিম হালনাগাদকরণ;

২.১ আলোচনা: সভায় উপস্থিত সদস্যবৃন্দ স্ব স্ব অফিসের ইনোভেশন টিম হালনাগাদকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। বদলিজনিত বা ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য প্রয়োজন অনুসারে ইনোভেশন টিম হালনাগাদকরণ করার বিষয়ে সভায় সকলেই প্রকাশ করেন।

২.২ সিদ্ধান্ত: সুরক্ষা সেবা বিভাগের ইনোভেশন টিমের হালনাগাদ করার জন্য ইনোভেশন টিমের সদস্য সচিব কর্তৃক প্রশাসন-১ শাখাকে অতি দ্রুত পত্র প্রেরণ করতে হবে।

৩.০ আলোচ্য সূচি-৩: বিবিধ।

৩.১ আলোচনা: সভায় তথ্য বাতায়ন হালনাগাদকরণ এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়ের বিষয়ে অধিকতর স্পষ্টিকরণের বিষয়ে আলোচনা করা হয়।

৩.২ সিদ্ধান্ত:

সুরক্ষা সেবা বিভাগের আইসিটি সেলের প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্য বিষয়টি নিয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্নেন্স-২ অধিশাখায় আলোচনাপূর্বক বিষয়টি সকলকে অবহিত করবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. তরুণ কান্তি শিকদার
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৬.১৭.১৪৮

তারিখ: ৯ ভাদ্র ১৪২৮

২৪ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
- ২) জনাব মল্লিক সান্দ্র মাহবুব, যুগ্মসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৩) জনাব মো: আইয়ুব হোসেন, প্রোগ্রামার ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) জনাব নিপু হালদার, সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) এর প্রশাসনিক কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ

মোঃ আবদুল কাদির
উপসচিব